লরেন্স বিষ্ণোই পরিচয়ে এমপি মিতুকে হত্যার হুমকি!



ছবি: সংগৃহীত

জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনের সদস্য ও জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) রাজনৈতিক পর্ষদের সদস্য ডা. মাহমুদা মিতুকে হত্যার হুমকি দেওয়ার অভিযোগ উঠেছে। গত সাত দিন ধরে ফোনকল ও হোয়াটসঅ্যাপে এসব হুমকি পাচ্ছেন বলে জানিয়েছেন তিনি।

শুক্রবার (১৩ নভেম্বর) সন্ধ্যায় নিজের ভেরিফায়েড ফেসবুক অ্যাকাউন্টে দেওয়া এক পোস্টে বিষয়টি প্রকাশ করেন মাহমুদা মিতু। পোস্টের সঙ্গে হুমকির কয়েকটি স্ক্রিনশটও যুক্ত করেন তিনি। সেগুলোর একটিতে ভারতীয় নম্বর থেকে 'লরেন্স বিষ্ণোই' পরিচয়ে পাঠানো একটি হুমকির বার্তা দেখা যায়।

একই পোস্টে আগের দিন জাতীয় সংসদে আবেগপ্রবণ হয়ে পড়া এবং একপর্যায়ে মেজাজ হারানোর কারণও তুলে ধরেন এই সংসদ সদস্য।

মিতু লেখেন, সংসদে তিনি আবেগ সামলাতে পারেননি। কারণ, শত শত শহীদের রক্ত ও আহতদের ত্যাগের বিনিময়ে এই সংসদ প্রতিষ্ঠিত হয়েছে। জুলাই আন্দোলনের সমন্বয়ক হান্নান মাসুদ এবং এক দফার ঘোষক নাহিদ ইসলামের আত্মত্যাগের কথাও উল্লেখ করেন তিনি।

তার অভিযোগ, সংসদে তাদের বক্তব্যের জবাব যুক্তি দিয়ে দিতে না পেরে 'তুই-তুকারি' করা হচ্ছে এবং 'বেয়াদব' বলে অপমান করা হচ্ছে। কথায় পেরে না উঠলেই এমন আখ্যা দেওয়া হয় বলেও পোস্টে উল্লেখ করেন তিনি।